পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

পিএসডি সার্কুলার নং: ০৭

২৮ মে, ২০২৫
তারিখ: ---------------
১৪ জ্যৈষ্ঠ, ১৪৩২

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার,
পেমেন্ট সিস্টেমস্ অপারেটর ও পেমেন্ট সার্ভিস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

**অনলাইন জুয়া সংক্রান্ত কার্যক্রম প্রসঙ্গে।**

১। উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশে অনলাইন ভিত্তিক জুয়া সংক্রান্ত কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। এ সকল কার্যক্রমের ফলস্বরূপ দেশে সামাজিক অবক্ষয় এবং সর্বোপরি অপরাধমূলক কার্যক্রম বাড়ছে। এক্ষণে, এ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা আপনাদের জন্য প্রযোজ্য হবে:

ক) কোন মার্চেন্ট বা সাধারণ গ্রাহক এ সংশ্লিষ্ট কার্যক্রমে জড়িত রয়েছে কিনা, তা সার্বক্ষণিক তদারকির আওতায় রাখতে হবে। এক্ষেত্রে, প্রয়োজনে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ভিত্তিক প্রযুক্তির সহায়তা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্টতা বিবেচনায় মার্চেন্ট বা গ্রাহকের ঠিকানায় সশরীরে পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে;

খ) কোন মার্চেন্ট বা সাধারণ গ্রাহক এ সংশ্লিষ্ট কার্যক্রমে জড়িত রয়েছে মর্মে প্রতীয়মান হলে তা তাৎক্ষণিক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আইনশৃঙ্খলা বাহিনী বরাবর অবহিত করতে হবে;

গ) অনলাইন ভিত্তিক জুয়া সংক্রান্ত কার্যক্রমের ক্ষতিকর প্রভাবের বিষয়ে গ্রাহকের সচেতনতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করতে হবে;

ঘ) কোন মার্চেন্ট যে স্থানে (ভৌগলিক অবস্থান) ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করবেন মর্মে আপনাদের গ্রাহক হয়েছেন, তিনি সে স্থানেই ব্যবসা পরিচালনা করছেন কিনা তা নিশ্চিত করতে হবে;

ঙ) ২১ মে, ২০২৫ তারিখে প্রণিত 'সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫' পরিপালন করতে হবে।

২। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(রাফেজা আক্তার কান্তা)
পরিচালক (পিএসডি)
ফোন: +৮৮-০২-৫৫৬৬৫০০১-২০/২১২৩৯